



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন পিএলসি
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd

নম্বর: ২৮.১৩.০০০০.০০১.৯৯.০০২.২৩.৪৭৫৬

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কোম্পানির বিভিন্ন শ্রেণির গ্রাহক (শিল্প, বাণিজ্যিক, ক্যাপটিভ, সিএনজি ও আবাসিক) পুণঃসংযোগ, বকেয়া গ্যাস বিল পরিশোধের কিস্তি, ভারসাম্য জামানত, স্থাপনা পুনর্বিন্যাস, প্রতিষ্ঠান স্থানান্তর, নতুন সংযোগ, লোড বৃদ্ধিসহ অন্যান্য বিষয়ে কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বরাবর আবেদনপত্রসহ সাক্ষাতের জন্য দপ্তরে আসেন। ফলে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দৈনন্দিন দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটে। তদপ্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দৈনন্দিন দাপ্তরিক কাজে যাতে বিঘ্ন না ঘটে এবং গ্রাহক সেবা সহজিকরণসহ ত্বরান্বিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট ডিভিশন, বিভাগ এবং শাখা কর্তৃক নিম্নরূপ নির্দেশাবলী অনুসৃত হবেঃ

১.১। কোম্পানির সকল শ্রেণির গ্রাহকদের (শিল্প, বাণিজ্যিক, ক্যাপটিভ, সিএনজি ও আবাসিক) পুণঃসংযোগ, বকেয়া গ্যাস বিল পরিশোধের কিস্তি, ভারসাম্য জামানত, স্থাপনা পুনর্বিন্যাস, প্রতিষ্ঠান স্থানান্তর, নতুন সংযোগ, লোড বৃদ্ধিসহ অন্যান্য বিষয়ে আবেদনপত্রসমূহ সংশ্লিষ্ট জোন, জোবিত এবং অফিস প্রধান (ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/মহাব্যবস্থাপক/উপব্যবস্থাপনা পরিচালক) বরাবর জমা প্রদান করতে হবে;

১.২। দাখিলকৃত আবেদনসমূহ সংশ্লিষ্ট অফিসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা স্বল্প সময়ের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট ডি-নথি/নথির মাধ্যমে কোম্পানির প্রচলিত বিধি-বিধান ও সময়ে সময়ে কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসরণপূর্বক সুনির্দিষ্ট প্রস্তাবসহ যথাযথ কর্তৃপক্ষ বরাবর উপস্থাপন করবেন এবং কর্তৃপক্ষ প্রদত্ত সিদ্ধান্ত/নির্দেশনা মোতাবেক গ্রাহকগণকে দ্রুততম সময়ে নির্ধারিত সেবাটি প্রদান/আবেদন নিষ্পন্ন করবেন।

২। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

১৪-১০-২০২৪

সারওয়ার জাহান

উপমহাব্যবস্থাপক

৫৫০১২৭০৯

titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০০১.৯৯.০০২.২৩.৪৭৫৬/১ (৯)

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৪ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল);
- ২। উপমহাব্যবস্থাপক (কারিগরি) সকল;
- ৩। উপমহাব্যবস্থাপক (সাধারণ) সকল;
- ৪। উপমহাব্যবস্থাপক (হিসাব) সকল;
- ৫। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি;
- ৬। ব্যবস্থাপক (সাধারণ)- সকল;
- ৭। ব্যবস্থাপক (কারিগরি)- সকল;
- ৮। ব্যবস্থাপক (হিসাব)- সকল এবং
- ৯। সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি।



Jahan

১৪-১০-২০২৪

সারওয়াত জাহান
উপমহাব্যবস্থাপক